



বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576



নং-বামাশিবো/প্রশাসন/ ১৯৬২/৪/গাইবান্ধা-১২৬

তারিখঃ ১০.০৪.২০১৯খ্রিঃ

বিষয়: মহামান্য হাইকোর্টের রিট নং-১৪৩৫৭/১৮ এর আদেশের প্রেক্ষিতে ম্যানেজিং কমিটির অনুমোদন প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, গাইবান্ধা জেলার সুন্দরগঞ্জ উপজেলাধীন মিজানুর রহমান দ্বি-মুখী দাখিল মাদ্রাসায় অনলাইনে ২টি কমিটির জন্য আবেদন করা হয়। কাগজপত্র যাচাই করে দেখা যায়, তন্মধ্যে একটি এডহক অনুমতি এবং অন্যটি ম্যানেজিং কমিটি ছিল। সুপার হিসেবে দু'জনেই মো: ইদ্রিছ আলী নামে স্বাক্ষর করেছেন কিন্তু স্বাক্ষর এবং মোবাইল নম্বরে ভিন্নতা পরিলক্ষিত হওয়ায় দু'জনকেই প্রয়োজনীয় কাগজপত্রসহ স্ব-শরীরে উপস্থিত হয়ে উপ-রেজিস্ট্রার (প্রশাসন) মহোদয়ের সাথে সাক্ষাৎ করার জন্য ম্যাসেজ দেয়া হয়। সুপার হিসেবে এডহক অনুমতির জন্য আবেদন করা মো: ইদ্রিছ আলী উপ-রেজিস্ট্রার (প্রশাসন) মহোদয়ের সাথে সাক্ষাৎ করেন। কিন্তু ম্যানেজিং কমিটির জন্য আবেদন করা মো: ইদ্রিছ আলী সাক্ষাৎ করেননি। পরবর্তীতে এডহক অনুমতির জন্য আবেদন করা সুপার জনাব মো: ইদ্রিছ আলীকে প্রকৃত সুপার হিসেবে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার কর্তৃক প্রত্যয়ন পত্র প্রেরণ করা হয়। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের প্রত্যয়ন পত্রের আলোকে প্রকৃত সুপারের আবেদন অনুযায়ী ম্যানেজিং কমিটি বাতিল করে এডহক কমিটির অনুমতি এবং পরবর্তীতে এডহক কমিটির অনুমোদন দেয়া হয় বিধায় ম্যানেজিং কমিটি অনুমোদন দেয়ার সুযোগ নেই।

বিষয়টি তাঁকে অবহিত করা হলো।

সংযুক্তি বর্ণনা মোতাবেক (১.১) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে



মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

মো: মিজানুর রহমান (সভাপতি)
মিজানুর রহমান দ্বি-মুখী দাখিল মাদ্রাসা।
পো: তারাপুর, উপজেলা: সুন্দরগঞ্জ, গাইবান্ধা

